# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৫. ২৭. যীশুর কার্য বিবরণীতে মার্ক ও মথির বৈপরীত্য

মার্কের ৪র্থ অধ্যায় থেকে জানা যায় যে, যীশু সমুদ্রের তীরে উপস্থিত জনগণকে ‘দৃষ্টান্তভিত্তিক উপদেশাবলি’ প্রদান করেন। এরপর তিনি উপস্থিত সকলকে চলে যেতে বলেন এবং এরপর রাতে সমুদ্রের মধ্যে ঝড় ওঠে এবং প্রবল তরঙ্গমালার সৃষ্টি হয়। মথির অষ্টম অধ্যায় থেকে জানা যায় যে, উপস্থিতদেরকে চলে যেতে বলা এবং সমুদ্রের ঝড় ও তরঙ্গমালার ঘটনা দুটো ঘটেছিল যীশুর পর্বতে দত্ত উপদেশের পরে। এর অনেক পরে ১৩ অধ্যায়ে মথি ‘দৃষ্টান্তভিত্তিক উপদেশাবলি’ উল্লেখ করেছেন। তার বর্ণনা থেকে জানা যায় এ ঘটনাটা ঝড়ের ঘটনার অনেক পরে ঘটেছিল। কারণ মথির বর্ণনামতে গালীলের পর্বতের উপরে প্রদত্ত উপদেশের অনেক পরে সমুদ্রতীরের ‘দৃষ্টান্তভিত্তিক উপদেশ’ প্রদানের ঘটনা ঘটেছিল।

ঐতিহাসিক ঘটনাগুলো আগে পিছে বর্ণনা করা পরস্পর বিরোধিতা বলে গণ্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14023

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন